



নিউ জার্সিতে
বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন
শিশুদের জন্য
প্যারেন্ট রিসোর্স গাইড
জন্ম থেকে পাঁচ বছর বয়স পর্যন্ত



STATE OF NEW JERSEY
DEPARTMENT OF EDUCATION



নিউ জার্সিতে বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য

প্যারেন্ট রিসোর্স গাইড

নিউ জার্সি পাবলিক ল 2019, অধ্যায় 205-এর প্রতিক্রিয়াস্বরূপ বধির শিক্ষা বিষয়ক ওয়ার্কিং গ্রুপের সুপারিশমালা অন্তর্ভুক্ত করে এই প্যারেন্ট রিসোর্স গাইড তৈরি করা হয়েছে। এর উদ্দেশ্য হলো পরিবারগুলোকে জন্ম থেকে পাঁচ বছর বয়সী বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের ইংরেজি সাহিত্যে গ্রহণমূলক ও অভিব্যক্তিসূচক ভাষা অর্জন ও বিকাশগত ধাপগুলো পর্যবেক্ষণ ও তদারক করতে সাহায্য করা।

বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশু যাদের অ্যাঙ্ক্লেসযোগ্য যোগাযোগের ব্যবস্থা নেই তারা গ্রহণমূলক ও অভিব্যক্তিসূচক উভয় ধরনের ভাষাগত অর্জনে বিলম্বের ঝুঁকিতে রয়েছে। ভাষার বিকাশগত মাইলফলকের যাচাইতালিকা হলো অপ্রাতিষ্ঠানিক মাপকাঠি যা পরিবারগুলো তাদের সন্তানের অগ্রগতি পর্যবেক্ষণ ও রেকর্ড রাখার জন্য তৈরি করা হয়েছে।

ক্যালিফোর্নিয়া ভাষাগত উন্নয়নের মাইলফলকের যাচাইতালিকা সহ কয়েকটি ভাষাগত উন্নয়নের মাইলফলকের তালিকা রয়েছে যেগুলো আমেরিকান সাংকেতিক ভাষা ও ইংরেজি উভয়টির মাইলফলককে অন্তর্ভুক্ত করে, যা এই ডকুমেন্টে অন্তর্ভুক্ত করা হয়েছে। আপনার সন্তানের শ্রবণ ও কথ্য ভাষার বিকাশ সম্পর্কে বুঝতে পারা বিষয়ক আরেকটি রিসোর্স **আমেরিকান স্পিচ-ল্যাঙ্গুয়েজ-হিয়ারিং অ্যাসোসিয়েশন (ASHA)**** এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল (CDC)** এর একটি ওয়েবসাইট আছে যা শ্রবণ ও কথ্য ভাষার পাশাপাশি সামাজিক ও মানসিক, বুদ্ধিবৃত্তিক, ও চলাফেরা/শারীরিক বিকাশ সহ বিভিন্ন বিকাশগত মাইলফলকের রূপরেখা প্রদান করে। এছাড়াও CDC-এর ওয়েবসাইটে মুদ্রণযোগ্য মাইলফলকের যাচাইতালিকা, বয়স অনুযায়ী সাজানো মাইলফলকের একটি ভিডিও ও ছবির লাইব্রেরি, এবং একটি মাইলফলক ট্র্যাকিং অ্যাপ পাওয়া যাবে।

যদিও ভাষার বিকাশের সাথে সম্পর্কিত নয়, তবে যোগাযোগের অপশন, শ্রবণে সহায়তাকারী সরঞ্জাম ও ককলিয়ার ইমপ্লান্ট, বধির সংস্কৃতি, শিক্ষামূলক রিসোর্স ও পারিবারিক সহায়তা সহ বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন একটি শিশুর লালন-পালন সংক্রান্ত বিভিন্ন সিদ্ধান্ত সম্পর্কে পরিবারগুলোর জন্য কিছু রিসোর্স রয়েছে। এই রিসোর্সগুলো দেখার সময় এবং পেশাজীবীদের সাথে কথা বলার সময়, নিউ জার্সি আর্লি ইন্টারভেনশন সিস্টেম (NJEIS) রিজিওনাল আর্লি ইন্টারভেনশন কোলাবোরেশন (REICs)-এর শ্রবণ সংক্রান্ত পরামর্শদাতাদের দ্বারা তৈরি এই **শব্দকোষ** পরিবারগুলোর জন্য সহায়ক হতে পারে।

• AG বেল ফ্যামিলি রিসোর্সেস

যেসব পরিবার শ্রবণ ও কথ্য ভাষা ব্যবহারের জন্য নির্বাচন করেছে তাদের জন্য AG বেল-এর ওয়েবসাইটে অসংখ্য রিসোর্স রয়েছে।

• আমেরিকান সোসাইটি ফর ডিফ চিলড্রেন (ASDC)**

ASDC ওয়েবসাইট তাদের মিশন "মেন্টরিং, পক্ষাবলম্বন, রিসোর্স ও সহযোগিতামূলক নেটওয়ার্কের মাধ্যমে ভাষা-সমৃদ্ধ পরিবেশে পূর্ণাঙ্গ প্রবেশাধিকারের মাধ্যমে বধির শিশু ও তরুণ আছে এমন বৈচিত্র্যপূর্ণ পরিবারগুলোর ক্ষমতায়ন করা"-এর প্রতিফলন ঘটায়।

• Beginnings for Parents of Children who are Deaf or Hard of Hearing, Inc.**

(বিগিনিংস ফর প্যারেন্টস অব চিলড্রেন হু আর ডিফ অর হার্ড অব হিয়ারিং, ইনকর্পোরেটেড)

বিগিনিংস পরিবার ও পেশাজীবীদের জন্য নিরপেক্ষ সহায়তা প্রদান করে। এই ওয়েবসাইটে বিভিন্ন ধরনের রিসোর্স রয়েছে যেমন আপনার সন্তানের সাথে যোগাযোগ করা, প্রযুক্তি, শ্রবণ ব্যবস্থা, ও অন্যান্য পিতা-মাতাদের সাথে সংযোগ।

** ইংরেজি ছাড়া অন্যান্য ভাষায়ও পাওয়া যাবে



নিউ জার্সিতে
বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য
প্যাবেন্ট রিসোর্স গাইড

• CDC প্যাবেন্ট'স গাইড

এই ওয়েবসাইট পরিবারগুলোর জন্য একটি তথ্যভাণ্ডার যেখানে আছে শ্রবণশক্তি কমে যাওয়ার বিষয়টি বুঝতে পারা, ভাষা ও যোগাযোগের অপশন, সিদ্ধান্ত গ্রহণ, একটি শব্দকোষ, ও বাড়তি রিসোর্স।

• দ্য সেন্টার অন সেন্সরি এন্ড কমপ্লেক্স ডিসঅ্যাভিলিটিজ

দ্য নিউ জার্সি সেন্টার অন ডিফ-ব্লাইন্ডনেস পেশাজীবী এবং বধিরতা ও অন্ধত্ব সহ জটিল প্রতিবন্ধীত্ব রয়েছে এমন শিশুদের পরিবারের জন্য রিসোর্স প্রদান করে।

• ক্লার্ক সেন্টার ফ্যামিলি রিসোর্সেস

গ্যালাউডেট ইউনিভার্সিটি ওয়েবসাইটের লরেন্ট ক্লার্ক ন্যাশনাল ডিফ এডুকেশন সেন্টার পেশাজীবীদের জন্য বিভিন্ন বিষয়ে বিভিন্ন ধরনের রিসোর্স প্রদান করে।

• ফ্যামিলি ম্যাটার্স (NJEIS রিজিওনাল আর্লি ইন্টারভেনশন কোলাবরেটিভ)**

ফ্যামিলি ম্যাটার্স ওয়েবসাইট তাদের রিসোর্স লাইব্রেরিতে বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের পরিবারের জন্য শ্রবণশক্তি কমে যাওয়ার প্রভাব, যোগাযোগের অপশন, শোনার পরিবেশ তৈরি এবং ASL-এর মতো তথ্য প্রদান করে।

• হ্যান্ডস এন্ড ভয়েসেস

হ্যান্ডস এন্ড ভয়েসেস হলো একটি পিতা-মাতা পরিচালিত প্রতিষ্ঠান যা যোগাযোগের ধরন নির্বিশেষে পরিবারগুলোকে সহায়তা করে থাকে। এই ওয়েবসাইটে অনেক রিসোর্স রয়েছে, যেমন:

- প্রাথমিক হস্তক্ষেপ বিষয়ক পিতা-মাতা নির্দেশিকা
- পিতা-মাতার জন্য পরামর্শ পত্র: ভাষা, সাহিত্য ও মনো-সামাজিক বিকাশ

• হিয়ারিং ফাস্ট

যেসব পরিবার শ্রবণ ও কথ্য ভাষা বেছে নিয়েছে তাদের জন্য “তাদের শিশুকে বড় করে তোলার গুরুত্বপূর্ণ প্রাথমিক দিনগুলোতে এবং তাদের যাত্রাজুড়ে যখনই তাদের কোনো প্রশ্ন থাকে বা অন্য কারো সাথে যোগাযোগ করতে হয়” এই বিষয়ের উপর গুরুত্বারোপ করে হিয়ারিং ফাস্ট বিভিন্ন রিসোর্স ও সহায়তা প্রদান করে।

• ন্যাশনাল সেন্টার অন ডিফ-ব্লাইন্ডনেস

এই ওয়েবসাইট বধিরতা-অন্ধত্ব বিষয়ে পরিবার ও পেশাজীবীদের জন্য রিসোর্স প্রদান করে।

• ন্যাশনাল কিউড স্পিচ অ্যাসোসিয়েশন**

শ্রবণে সহায়তার জন্য যেসব পরিবার ও পেশাজীবী হাতের সাংকেতিক ভাষা ব্যবহার করে তাদের জন্য এই ওয়েবসাইট রিসোর্স প্রদান করে।

• বধির, কম শ্রবণশক্তিসম্পন্ন বা বধির-অন্ধ শিক্ষার্থীদের জন্য নিউ জার্সি ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর রিসোর্স

এই ওয়েবসাইট নিউ জার্সির পরিবার ও পেশাজীবীদের বিভিন্ন বিষয়ে তথ্য প্রদান করে যার মধ্যে রয়েছে NJ বধির শিক্ষার্থীর অধিকারের সনদ এবং বধির, কম শ্রবণশক্তিসম্পন্ন, বা বধির-অন্ধ শিক্ষার্থীদের জন্য যোগাযোগের পরিকল্পনা এবং NJ-তে শিক্ষাগত কর্মসূচির একটি তালিকা।

** ইংরেজি ছাড়া অন্যান্য ভাষায়ও পাওয়া যাবে



নিউ জার্সিতে
বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য
প্যারেন্ট রিসোর্স গাইড

• নিউ জার্সি ডিপার্টমেন্ট অব এডুকেশন ফ্যামিলিস পোর্টাল

ফ্যামিলিস পোর্টাল-এর উদ্দেশ্য হলো শিক্ষার্থীর শিক্ষা ও বিকাশে পিতা-মাতা ও পরিবারের অংশগ্রহণ সংক্রান্ত সহায়তা ও তথ্য প্রদানের জন্য একটি কেন্দ্রীয় অবস্থান হিসেবে কাজ করা। এটিও একটি নেভিগেশন ব্যবস্থা যা স্টেট ও স্থানীয় পর্যায়ে শিক্ষা ব্যবস্থা কিভাবে কাজ করে তা পিতা-মাতা ও পরিবারকে বোঝানোর উদ্দেশ্যে ডিজাইন করা হয়েছে। তাছাড়া, অংশীদারিত্ব কর্মসূচি শক্তিশালী করতে চাচ্ছেন এমন শিক্ষাবিদ ও পরিবারের জন্য এই পোর্টাল বিভিন্ন ধারণার একটি গতিশীল উৎস।

• নিউ জার্সি ডিভিশন অব দ্য ডিফ এন্ড হার্ড অব হিয়ারিং

NJ ডিভিশন অব দ্য ডিফ এন্ড হার্ড অব হিয়ারিং (DDHH)-এর মিশন হলো স্টেটের সাধারণ জনগণের জন্য নিয়মিতভাবে পাওয়া যায় এমন কর্মসূচি, পরিষেবা ও তথ্য পাওয়ার পথে প্রতিবন্ধকতা দূর করা এবং অভিজ্ঞতা বৃদ্ধি করার জন্য শিক্ষা, পরামর্শ ও সরাসরি পরিষেবা প্রদান করা। **লেভেলিং দ্য প্লেইং ফিল্ড** ASL ডিফ ল্যাঙ্গুয়েজ অ্যাসোসিয়েটস-এর মাধ্যমে চাইল্ডকেয়ারের পরিবেশে, বাড়িতে, প্রি-স্কুলে ও অন্যান্য প্রয়োজ্য কর্মসূচিতে ভাষা অর্জন পরিষেবা প্রদান করে। একটি চাইল্ড কেয়ার সেন্টার বেছে নেয়া এবং বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুর জন্য ভাষা অর্জনের গুরুত্বের ব্যাপারে লেভেলিং দ্য প্লেইং ফিল্ড-এর ওয়েবপেইজে নির্দেশনা পাওয়া যাবে।

• নিউ জার্সি আর্লি ইন্টারভেনশন সিস্টেম (NJEIS)**

এই ওয়েবসাইট নিউ জার্সি আর্লি ইন্টারভেনশন সিস্টেম সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করে।

• নিউ জার্সি ডিপার্টমেন্ট অব হেলথ: ইফ ইয়োর চাইল্ড হ্যাজ হিয়ারিং লস**

এই ওয়েবসাইট কোন ধরনের পেশাজীবীদের সাথে আলাপ করা যাবে তা সহ বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন হিসেবে চিহ্নিত হয়েছে এমন ছোট শিশুদের পরিবারগুলোর জন্য রিসোর্স প্রদান করে।

• নিউ জার্সি ডিপার্টমেন্ট অব হেলথ: নিউবর্ন হিয়ারিং স্ক্রিনিং**

নবজাতকের শ্রবণশক্তি পরীক্ষা ও প্রক্রিয়া সম্পর্কে পরিবারগুলো এই ওয়েবসাইটে তথ্য পাবে। এছাড়াও এটি একটি তথ্যপূর্ণ ভিডিও অন্তর্ভুক্ত করে যেখানে নিজেদের গল্প বলা বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন তরুণদের একটি বৈচিত্র্যময় দলের সাথে পরিবারগুলোকে পরিচয় করিয়ে দেয়া হয়।

• প্যারেন্টিং আ চাইল্ড হু ইজ ডিফ অর হার্ড অব হিয়ারিং

বয়েজ টাউন ন্যাশনাল রিসার্চ হসপিটালের এই ওয়েবসাইট বিভিন্ন ধরনের বিষয়ে তথ্য প্রদান করে যার মধ্যে রয়েছে নবজাতকের সর্বজনীন শ্রবণ পরীক্ষা, শ্রবণ, শ্রবণ ডিভাইস, যোগাযোগ করা, ভাষা ও শিক্ষা, এবং প্যারেন্টিং ও সহায়তা।

• SPAN প্যারেন্ট অ্যাডভোকেসি নেটওয়ার্ক**

SPAN একটি সংস্থা যা বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশু সহ বিভিন্ন ধরনের চাহিদাসম্পন্ন শিশুদের পরিবারের জন্য রিসোর্স ও সহায়তা প্রদান করে। SPAN ও আর্লি হিয়ারিং ডিটেকশন এন্ড ইন্টারভেনশন (EHDI) ডিফ মেন্টের প্রোগ্রাম** এ সহযোগিতা করেছে যা বধির প্রাপ্তবয়স্কদের পরিবারগুলোকে পেয়ার করে।

• VL2 ফ্যামিলি ইনফরমেশন সেন্টার

এই ওয়েবসাইট বধির ও কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের পরিবারগুলোর জন্য ASL ও দ্বিভাষিকতা বিষয়ে গবেষণাভিত্তিক তথ্য প্রদান করে যার মধ্যে আপনার সম্মানকে পড়ে শোনানো এবং একটি প্যারেন্ট টুলকিটও অন্তর্ভুক্ত রয়েছে।

** ইংরেজি ছাড়া অন্যান্য ভাষাতেও পাওয়া যাবে



নিউ জার্সিতে
বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য
প্যারেন্ট রিসোর্স গাইড

ল্যাপ্সুয়েজ ডেভেলপমেন্ট মাইলস্টোনস¹

পরিবারগুলো তাদের শিশুর অগ্রগতি পর্যবেক্ষণ ও রেকর্ড রাখার জন্য ভাষার বিকাশগত মাইলফলকের যাচাইতালিকা তৈরি করা হয়েছে। এই যাচাইতালিকা মিটিং-এর সময় আপনার সন্তানের শিক্ষা বিষয়ক টিমের সাথে শেয়ার করা যাবে। অনুগ্রহ করে লক্ষ করুন যে এটি ভাষা ও সাহিত্য বিকাশের কোনো প্রাতিষ্ঠানিক মূল্যায়ন নয়। বাড়িতে আপনার সন্তানের গ্রহণমূলক ও অভিব্যক্তিসূচক ভাষা সম্পর্কে আপনার পর্যবেক্ষণ শিক্ষাদান সংক্রান্ত পরিবেশের পর্যবেক্ষণ থেকে ভিন্ন হতে পারে।

প্রথম বছর

শিশুরা প্রথম বছরে, তাদের আশেপাশের ভাষা দেখে, শেখে ও আয়ত্ত্ব করে। তবুও শিশুরা তাদের প্রথম বছরে সবসময় খুব বেশি কথা বলে না বা ইশারা করে না, আপনি যেসব শব্দ শিশুদেরকে ইশারা করেন বা বলেন সেসব তারা আয়ত্ত্ব করে, তাই সবসময় আপনার সন্তানের সাথে কথা বলা ও ইশারা করার বিষয়টি নিশ্চিত করুন!

0-3 মাস

- আপনার সন্তান চারপাশে তাকায় এবং মানুষের চেহারার প্রতি মনোযোগী হয়।
- আপনাকে দেখলে আপনার সন্তান মুচকি হাসে।
- আপনার সন্তান পরিবেশের ব্যাপারে সচেতনতা দেখায়।
- আপনার সন্তান একজন ব্যক্তির কণ্ঠস্বর বা চলাফেরা বা আলো চিনতে পারে ও সাড়া দেয়।

নোট: _____

4-6 মাস

- আপনার সন্তান হাত এবং/অথবা কণ্ঠ দিয়ে আধো স্বরে কথা বলতে শুরু করে। আপনার সন্তান আপনার মনোযোগ পাওয়ার জন্য আধো স্বর ব্যবহার করতে পারে।
- আপনার সন্তান বাহ, হাত, মাথা ও মুখমণ্ডল ব্যবহার করে আপনার নড়াচড়ার অনুকরণ করে।
- আপনার সন্তান আপনার কণ্ঠস্বরের পরিবর্তন এবং/অথবা আপনার চেহারার অভিব্যক্তি পরিবর্তনের প্রতি সাড়া দেয়।
- আপনার সন্তান একাকী বা আপনার সাথে খেলার সময় কূজন সুরে, গলগল শব্দে বা কাল্লার মাধ্যমে অনুভূতি প্রকাশ করে।
- আপনার সন্তান আপনার দিকে তাকায় বা আপনি ইশারা করলে বা তার নাম ধরে ডাকলে শব্দ করে।

নোট: _____



নিউ জার্সিতে
বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য
প্যারেন্ট রিসোর্স গাইড

7-12 মাস

- আপনার সন্তান নিজের দিকে ও জিনিসপত্রের দিকে ইঙ্গিত করে।
- আপনার সন্তান অনুকরণ করে এবং তার প্রথম শব্দ বা ইশারা প্রকাশ করে যেমন, আমার, আরো, দুধ, মা, বাবা।
- আপনার সন্তান অনুকার শব্দ (ধ্বনি) উচ্চারণ করে যেমন চু চু, শিশ ও ভেঁ ভেঁ।
- আপনার সন্তান বয়স্কদের মতো স্বরবিভেদ/মুখের অভিব্যক্তির মাধ্যমে আধো স্বরে কথা বলে এবং পালানক্রমে কথোপকথন অনুকরণ করার চেষ্টা করে।
- আপনার সন্তান যৌথ মনোযোগ প্রদর্শন করে (যেমন, পিতা/মাতা ও শিশু একই বস্তুর দিকে তাকায়)।
- বিভিন্ন মৌখিক অভিব্যক্তি দিয়ে কী বোঝায় তা আপনার সন্তান বলতে পারে।
- আপনার সন্তান আপত্তি জানাতে বা আবেগ প্রকাশ করতে অঙ্গভঙ্গি বা কণ্ঠস্বর ব্যবহার করে।
- আপনার সন্তান অনুরোধের প্রতি সাড়া দেয় (যেমন, এদিকে আস)।
- আপনার সন্তান পরিচিত জিনিসপত্র (যেমন, কাপ, জুতা, জুস) ও পারিবারিক নামগুলো বুঝতে পারে।
- আপনার সন্তান শব্দের প্রতি সাড়া দেয়, বেশিরভাগ সময় "না" এর মাধ্যমে।
- আপনার সন্তান মানুষের চেহারা ও পরিবেশের দিকে মনোযোগ দিয়ে তাকায়।
- আপনার সন্তান মাথা ঘোরায় এবং শব্দ বা মনোযোগ আকর্ষণকারী আচরণের (যেমন, হাত নাড়ানো, লাইট অন/অফ করা, জোরে জোরে পা ফেলা) দিকে তাকায়।
- 12 মাস বয়সের মধ্যে, আপনার সন্তানের 1-3টি সংকেত এবং/অথবা শব্দ থাকে।

নোট: _____

এক-দুই বছর বয়সে

প্রথম ও দ্বিতীয় জন্মদিনের মধ্যে, শিশুরা প্রচুর শব্দ শেখে এবং ছোট ছোট বাক্য তৈরিতে শব্দগুলো ব্যবহার করে। এখানে লক্ষ্য করার মতো কিছু বিষয় দেয়া হলো।

অভিব্যক্তিসূচক ভাষা

- আপনার সন্তান বিস্ময়সূচক অভিব্যক্তি ব্যবহার করে (যেমন, আহ-ওহ, না-না)।
- একজন প্রাপ্তবয়স্কের ব্যবহৃত শেষ শব্দটি আপনার সন্তান পুনরাবৃত্তি করে।
- আপনার সন্তান একক শব্দের মাধ্যমে ইচ্ছা ও প্রয়োজনগুলো প্রকাশ করে।
- নিজেকে ও অন্যদেরকে নির্দেশ করতে আপনার সন্তান সাংকেতিক বা কথ্য নাম ব্যবহার করে।
- আপনার সন্তান সর্বনামের ব্যবহার শুরু করে (যেমন, আমি, আমার, আমাদের)।
- আপনার সন্তান দুই শব্দ বিশিষ্ট বাক্যের ব্যবহার শুরু করে (যেমন, আমার দুধ, মা জুতা)।
- আপনার সন্তান পড়ে শোনাতে বলে।
- 1-2টি কথ্য শব্দ বা ইশারার মাধ্যমে আপনার সন্তান নিজের অংকন/হিজিবিজি লেখার নামকরণ করে।
- আপনার সন্তান সাধারণ প্রশ্ন জিজ্ঞেস করে (যেমন, ওটা কী?, মা কোথায়?)।
- আপনার সন্তান একটি কথোপকথনে 1-2 বার জবাব দেয়।



নিউ জার্সিতে
বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য

প্যারেন্ট রিসোর্স গাইড

এক-দুই বছর বয়সে

নোট:

গ্রহণমূলক ভাষা

- আপনার সন্তানকে তার নিজের নাম ধরে ডাকলে বা ইশারা করলে সে বুঝতে পারে।
- যখন পরিবারের সদস্যদের নাম ধরে ডাকা হয় বা ইশারা করা হয় তখন আপনার সন্তান তা বুঝতে পারে।
- আপনার সন্তান সরল আদেশগুলো বুঝতে পারে (যেমন, এখানে আস, এটি আমাকে দাও, বস)।
- আপনার সন্তান কয়েকটি সাধারণ প্রশ্ন বুঝতে পারে (যেমন, কে, কী, কোথায়, হ্যাঁ/না)।
- আপনার সন্তানকে নিজের শরীরের বা পুতুলের কমপক্ষে 5টি অঙ্গ নির্দেশ করতে বললে সে নির্দেশ করতে পারে।
- ছবির নাম বললে আপনার সন্তান একটি পৃষ্ঠার ওপর ছবি নির্দেশ করে।
- আপনার সন্তান সহজ ছড়াগুলোতে মনোযোগ দেয় ও উপভোগ করে।
- আপনার সন্তান তার নামের প্রথম অক্ষর চিনতে পারে।
- আপনার সন্তান বইয়ের প্রচ্ছদ দেখে প্রিয় বই চিনতে পারে।
- আপনার সন্তান বই "পড়ার" ভান করে।
- আপনার সন্তান কিভাবে বই ব্যবহার করতে হয় তা বুঝতে শুরু করে (যেমন, একসাথে বেশ কয়েকটি পাতা উল্টায়, বইটির ডানদিক উপরের দিকে ধরে রাখে)।

নোট:

শব্দভাণ্ডার

- 2 বছর বয়সের মধ্যে, আপনার সন্তানের অন্তত 50-100+ শব্দের একটি শব্দভাণ্ডার থাকে, সাধারণত মানুষ, খাবার, প্রাণী, খেলনার নাম ও ক্রিয়া পদ।
- 2 বছর বয়সের মধ্যে, আপনার সন্তান দুই শব্দের সহজ কথ্য বা সাংকেতিক শব্দের বাক্যাংশ ব্যবহার করা শুরু করে (যেমন, বাবু কাঁদে, আরো দুধ, আমার কাপ, জুস না)।

নোট:



নিউ জার্সিতে
বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য
প্যারেন্ট রিসোর্স গাইড

দুই - তিন বছর

এই বছরে, আপনার সন্তান অনেক শব্দ বলতে ও ইশারা করতে শিখবে, ট্র্যাক রাখতে গিয়ে আপনাকে হিমশিম খেতে হবে। আপনার সন্তান আরো লম্বা ও জটিল বাক্য বলা শুরু করবে। এ বছর আপনার সন্তানের ভাষার ট্র্যাক রাখাটা রোমাঞ্চকর হবে!

অভিব্যক্তিসূচক ভাষা

- জিজ্ঞেস করা হলে আপনার সন্তান ছবি বা সরাসরি বিভিন্ন বস্তু/প্রাণী/লোকের নাম বলে।
- জিজ্ঞেস করা হলে আপনার সন্তান তার পূর্ণ নাম বলে বা ইশারা করে।
- আপনার সন্তান 5 পর্যন্ত গণনা করে।
- আপনার সন্তান সব প্রয়োজন উচ্চারণ করে বা ইশারার মাধ্যমে বলে।
- আপনার সন্তান প্রয়োজন অনুযায়ী সাহায্যের অনুরোধ জানায়।
- আপনার সন্তান দুই ধাপের আদেশ ব্যবহার করে (যেমন, বস - খাও)।
- আপনার সন্তান সময়ের সাথে সাথে আরো ঘন ঘন ছোট ছোট বাক্যে অভিজ্ঞতাগুলোর মধ্যে সম্পর্ক স্থাপন করে।
- আপনার সন্তান নার্সারির কিছু কথ্য বা সাংকেতিক ছড়া আবৃত্তি করে।
- আপনার সন্তান সাংকেতিক বা কথ্য গল্প উপভোগ করে ও গল্পের ক্রিয়া/মৌখিক অভিব্যক্তি অনুকরণ করে।
- আপনার সন্তান পদাঙ্কীয় অব্যয়গুলো মুখে বলে বা ইশারা করে (যেমন, উপরে, নিচে)।
- আপনার সন্তান ইশারা বা কথ্য শব্দের মাধ্যমে সুখ, দুঃখ, ক্ষিপ্ত-এর মতো আবেগগুলো প্রকাশ করে।
- আপনার সন্তান এমন একভাবে কথা বলে বা ইশারা করে যা অধিকাংশ ক্ষেত্রে পরিবারের সদস্য ও বন্ধু-বান্ধবরা বুঝতে পারে।
- আপনার সন্তান প্রায় 80% সময় বোধগম্য (সহজে বোঝা যায় এমন) শব্দ বা সংকেত ব্যবহার করে।
- আপনার সন্তান সবচেয়ে মৌলিক বাক্যের গঠন ব্যবহার করে।
- আপনার সন্তান "ও" শব্দ বা এর সংকেত ব্যবহার করে।
- আপনার সন্তান একবচন/বহুবচনের বিশেষ্য-ক্রিয়া সন্ধি ব্যবহার করে (যেমন, ছেলে হাঁটে, ছেলেরা হাঁটে)।
- আপনার সন্তান সম্বন্ধসূচক শব্দ ব্যবহার করে (যেমন, আমার, তোমার)।
- আপনার সন্তান বাক্যে অতীত কাল ব্যবহার করে (যেমন, মা রান্না করেছে, সুজি দৌড়ে গেছে)।
- আপনার সন্তান অতি সাধারণীকৃত শব্দ ব্যবহার করে (যেমন সব প্রাণীকে "পাপি" বলে)।
- 2½ বছর বয়সের মধ্যে, আপনার সন্তান হ্যাঁ বা না ব্যবহার করে প্রশ্নের উত্তর দেয়।
- আপনার সন্তান দুই শব্দের প্রশ্ন জিজ্ঞেস করে।
- আপনার সন্তান "কেন" দিয়ে প্রশ্নের পর্যায় শুরু করে।
- আপনার সন্তান "কে" দিয়ে প্রশ্ন জিজ্ঞেস করে।
- আপনার সন্তান ব্যক্তিগত সর্বনাম (যেমন, আমি, আমাকে, আমার), ও সম্বন্ধবাচক সর্বনাম (যেমন, তার, তোমার) সহ সর্বনাম ব্যবহার করে (যেমন, সে, তিনি, এটি)।
- আপনার সন্তান সংখ্যা + বিশেষ্য ব্যবহার করে (যেমন, দু'টি কুকুর)।
- আপনার সন্তান সহজ বর্ণনামূলক শব্দ ব্যবহার করে (যেমন, গরম, ঠাণ্ডা, বড়, ছোট)।
- আপনার সন্তান অন্তত তিনটি রঙের নাম বলে।
- আপনার সন্তান না বোধক শব্দ ব্যবহার করে (যেমন, না, কেউ না, নয়, পছন্দ করি না, জানি না, এখনো না)।

নোট:



নিউ জার্সিতে
বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য
প্যারেন্ট রিসোর্স গাইড

দুই - তিন বছর

গ্রহণমূলক ভাষা

- আপনার সন্তান দুই ধাপের আদেশ বুঝে (যেমন, বস ও বই পড়)।
- আপনার সন্তান ভিডিওফোন বা ডোরবেল স্বলা/বাজার মতো দৃশ্য, শব্দ লক্ষ্য করে (যেমন, নির্দেশ করে, উত্তেজিত হয়)।
- আপনার সন্তান একটি অবস্থানসূচক শব্দে যথাযথভাবে সাড়া দেয় (যেমন, ভিতরে, উপরে)।
- আপনার সন্তান সময়সূচক শব্দ বুঝতে শুরু করে (যেমন গতকাল, আজ)।

নোট: _____

শব্দভাণ্ডার

- তিন বছর বয়সের মধ্যে, আপনার সন্তানের 500+ শব্দ এবং/অথবা সংকেতের শব্দভাণ্ডার থাকে।

নোট: _____

তিন - চার বছর বয়স

এর মধ্যে, আপনার সন্তান পরিষ্কারভাবে যোগাযোগ করতে পারে ও পরিচিত প্রাপ্তবয়স্করা অধিকাংশ সময় তার কথা বুঝতে পারে। অধিকাংশ ক্ষেত্রে তাকে কী বলা হয়েছে বা ইশারা করা হয়েছে তা আপনার সন্তান বুঝে। আপনার সন্তান চার থেকে পাঁচ শব্দের বাক্য ব্যবহার করে, নার্সারির সহজ ছড়াগুলো আবৃত্তি করতে পারে, ও সহজ কথোপকথন চালিয়ে যেতে পারে।

অভিব্যক্তিসূচক ভাষা

- আপনার সন্তান অনর্গল, পরিষ্কারভাবে যোগাযোগ করতে পারে, এবং পরিবার ও পরিবারের প্রাপ্তবয়স্করা তাকে সহজে বুঝে।
- আপনার সন্তান যুক্তিপূর্ণভাবে প্রশ্নের উত্তর দেয়।
- আপনার সন্তান 4-5 শব্দের বাক্য ব্যবহার করে।
- আপনার সন্তান 3-4 ধাপের মাধ্যমে সহজ কথোপকথন চালিয়ে যায়।
- আপনার সন্তান স্কুলে বা বন্ধুদের সাথে ঘটে যাওয়া বিষয়গুলোর ব্যাপারে কথা বলে।
- আপনার সন্তান তাকে পড়ে শোনানো গল্পের বই নিয়ে আলোচনা করে।
- আপনার সন্তান ছবির ক্রিয়াকর্ম বর্ণনা করে।
- আপনার সন্তান সম্বন্ধসূচক শব্দ ব্যবহার করে (যেমন, আমার, তোমার, তার)।



নিউ জার্সিতে
বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য

প্যারেন্ট রিসোর্স গাইড

তিন - চার বছর বয়স

অভিব্যক্তিসূচক ভাষা

- আপনার সন্তান একটি সহজ সাংকেতিক বা কথ্য ছড়া আবৃত্তি করতে পারে।
- আপনার সন্তান পড়া ও লেখার প্রচেষ্টা চালায়।
- ASL ব্যবহার করলে, আপনার সন্তান পদ্ধতি, স্থান, দিক, আকার, আকৃতি, মাত্রা, ও তীব্রতা বর্ণনা করার জন্য শ্রেণিবিন্যাস ব্যবহার করে।

নোট:

গ্রহণমূলক ভাষা

- অধিকাংশ ক্ষেত্রে তাকে কী বলা হয়েছে তা আপনার সন্তান বুঝে।
- আপনার সন্তান "কে?", "কী?", "কোথায়?", "কেন?", ও "কিভাবে?" প্রশ্নগুলো বুঝে।
- আপনার সন্তান 2-4টি সহজ সম্পর্কহীন ক্রমিক আদেশ পালন করে (যেমন, বস আর তোমার খাবার খাও)।
- আপনি কোনো বস্তুর নাম বলে অনুরোধ জানালে আপনার সন্তান আপনাকে তা দেয়।
- আপনার সন্তান আপনার অনুরোধ অনুযায়ী শীর্ষে/নিম্নে, উপরে/নিচে বস্তুর দিকে ইঙ্গিত করে বা বস্তু স্থাপন করে।

নোট:

শব্দভাণ্ডার

- চার বছর বয়সের মধ্যে, আপনার সন্তান 1,500-1,600+ শব্দ অথবা সংকেত ব্যবহার করে।

নোট:

চার - পাঁচ বছর বয়স

এই বয়সের মধ্যে, আপনার সন্তানের অতীত, বর্তমান ও ভবিষ্যত সম্পর্কে চিন্তা প্রকাশ করার জন্য সঠিক বাক্য ব্যবহার করতে পারা উচিত। এই বছরের শেষে, আপনার সন্তানের কয়েক হাজার শব্দ এবং/অথবা সংকেত থাকা উচিত।



নিউ জার্সিতে
বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য
প্যারেন্ট রিসোর্স গাইড

চার - পাঁচ বছর বয়স

অভিব্যক্তিসূচক ভাষা

- আপনার সন্তান স্পষ্ট ও সাবলীলভাবে একটি সহজে বোধগম্য পদ্ধতিতে ইশারা করে এবং/অথবা কথা বলে।
- আপনার সন্তান লম্বা ও বিস্তারিত বাক্য ব্যবহার করে।
- আপনার সন্তান বানানো গল্প বলতে পারে যা বিষয়বস্তুর মধ্যেই থাকে। (ASL ব্যবহারকারীদের ক্ষেত্রে, আপনার সন্তান গল্প বলার সময় স্পেস ব্যবহার করতে পারে।)
- কথ্য ভাষা ব্যবহারকারী শিশুদের ক্ষেত্রে, অধিকাংশ ধ্বনি সঠিকভাবে উচ্চারিত হয়, যদিও তার "র", "ভ", ও "থ" ধ্বনি নিয়ে অসুবিধা হতে পারে।
- আপনার সন্তান শব্দ এবং/অথবা সংকেতের মাধ্যমে ছন্দ ব্যবহার করে।
- আপনার সন্তান কিছু লিখিত বর্ণ ও সংখ্যা চেনে।
- আপনার সন্তান 4-8 শব্দ/সংকেতবিশিষ্ট বাক্য ব্যবহার করে।
- আপনার সন্তান "আছে," "করে," "ছিল" ব্যবহার করে।
- আপনার সন্তান বাক্যাংশে "কারণ...," "যখন...," "যদি...," ও "তাই...", ব্যবহার করে।
- আপনার সন্তান "এগুলো" ও "ওগুলো" ব্যবহার করে।
- আপনার সন্তান "আগে" ও "পরে" ব্যবহার করে।
- আপনার সন্তান "কেন" ও "কিভাবে" প্রশ্নের উত্তর দেয়।
- আপনার সন্তান একটি ঘটনা বা কাজ বর্ণনা করার সময় আবেগ ও শারীরিক অভিব্যক্তি দিয়ে কথা বলে বা ইশারা করে।
- আপনার সন্তান যথাযথভাবে কথোপকথন শেষ করে।
- আপনার সন্তান "কী" দিয়ে প্রশ্ন জিজ্ঞেস করে।
- আপনার সন্তান "কে" দিয়ে প্রশ্ন জিজ্ঞেস করে।
- আপনার সন্তান "কোথায়" দিয়ে প্রশ্ন জিজ্ঞেস করে।
- আপনার সন্তান "কেন" দিয়ে প্রশ্ন জিজ্ঞেস করে।
- আপনার সন্তান "কেন করবো" দিয়ে প্রশ্ন জিজ্ঞেস করে।
- আপনার সন্তান অতীত কাল ব্যবহার করে।
- আপনার সন্তান ভবিষ্যত কাল ব্যবহার করে।
- আপনার সন্তান নিচের বাক্যগুলোর মতো শর্তাধীন বাক্য ব্যবহার করে:
বাংলা (যদি...তাহলে...)|
ASL (উদ্দেশ্য দিয়ে শুরু হওয়া বাক্য)।
- ASL ব্যবহার করলে, আপনার সন্তান হাতের আকার, হাতের তালুর দিক, অবস্থান, নড়াচড়া, ও মুখের অভিব্যক্তির পাঁচটি ASL প্যারামিটার ব্যবহার করে (যেমন, বোতাম, বিড়াল, শিয়াল)।
- ASL-এ, আপনার সন্তান সংখ্যা বন্টন ব্যবহার করে, যেমন, পাতা পড়ার কথা বলা -
একবচনে পড়া - একটি পাতা পড়ে;
বহুবচনে পড়া - অনেক পাতা পড়ে;
যথেষ্টভাবে পড়া - মাঝে মাঝে, এখানে সেখানে পাতা পড়ে।
- ASL-এ, আপনার সন্তান প্রশ্নের শুরুতে ও শেষে প্রশ্নবোধক শব্দ ব্যবহার করে (যেমন, কোথায় যাবো কোথায়?)। এটাকে বলে প্রশ্ন-বন্ধনী (WH-bracketing)।
- ASL-এ, আপনার সন্তান প্রতিনিধিত্ববাচক সংকেত (AGENT sign) ব্যবহার করে (যেমন, FARM-ER; TEACH-ER)।
- ASL-এ, আপনার সন্তান বিষয়বস্তুর ধারাবাহিকতা বজায় রাখে (এক হাতে একটি সংকেত দেখায় ও অন্যটি দিয়ে সংকেত দেখানো অব্যাহত রাখে)।
- ASL-এ, আপনার সন্তান শরীরের নড়াচড়া ও চোখের অভিব্যক্তি ব্যবহার করে।



নিউ জার্সিতে
বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য

প্যারেন্ট রিসোর্স গাইড

চার - পাঁচ বছর বয়সে

অভিব্যক্তিসূচক ভাষা

নোট:

গ্রহণমূলক ভাষা

- আপনার সন্তান অধিকাংশ ক্ষেত্রে বাড়ি ও স্কুলে তাকে কী বলা হয়েছে বা ইশারা করা হয়েছে তা বুঝে।
- আপনার সন্তান ছোট গল্পের প্রতি মনোযোগ দেয়।
- আপনার সন্তান গল্প উপভোগ করে ও সহজ প্রশ্ন বুঝতে পারে।
- আপনার সন্তান চারটি সহজ ক্রমিক প্রাসঙ্গিক আদেশ পালন করতে পারে।
- আপনার সন্তান একই ধরনের জিনিস চিনতে পারে (যেমন, যেসব জিনিস উড়ে, যেসব জিনিস আপনি খান, যেসব জিনিস আপনি পরেন)।
- আপনার সন্তান সময়ের ধারণা (যেমন, দিন/রাত) ও বছরের ঋতু বুঝে।
- আপনার সন্তান ছন্দময় শব্দগুলো বুঝে।
- বলা হলে আপনার সন্তান কোনো বস্তুকে আগে, পরে, উপরে, নিচে ইঙ্গিত করে বা স্থাপন করে।

নোট:

শব্দভাণ্ডার

- আপনার সন্তান 2,500+ শব্দ এবং/অথবা সংকেত ব্যবহার করে।
- আপনার সন্তান শব্দ ও সংকেতের অর্থ জিজ্ঞেস করতে শুরু করে।
- আপনার সন্তান বর্ণনাকারী শব্দ ব্যবহার করে (যেমন, কঠিন, নরম, বিরক্তিকর)।
- আপনার সন্তান ক্রমিক ধারণাগুলো একত্রিত করে (সবচেয়ে ছোট থেকে সবচেয়ে বড়; সবচেয়ে লম্বা থেকে সবচেয়ে খাটো)।
- আপনার সন্তান কোনো শ্রেণির নাম বলে (যেমন, পিজা, হ্যামবার্গারকে খাবার বলে)।

নোট:

¹জন্ম থেকে পাঁচ বছর বয়সী বধির বা কম শ্রবণশক্তিসম্পন্ন শিশুদের জন্য ক্যালিফোর্নিয়া SB 210 কমিটি কর্তৃক তৈরি ল্যান্ডমার্ক ডেভেলপমেন্ট মাইলস্টোনস থেকে অনুমতি নিয়ে গ্রহণ ও ব্যবহার করা হয়েছে।

